ত্রিপুরা সরকার
জেলাসাশক ও সমাহর্তার কার্যালয়
গোমতী জেলা, উদয়পুর

No.F.1(25)-REV/MTSTT/Dewali Mela 2026/DM(G)/2026/341 Dated, the 30th October, 2026

বিজ্ঞপ্তি

এতদ্বারা ত্রিপুরা রাজ্যে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বসবাসকারী ভারতীয় নাগরিকদের যাঁহারা শ্রী শ্রী মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে অনুষ্ঠিতব্য **দীপাবলী মেলা ও প্রদর্শনী-২০২৬** উপলক্ষে মেলা প্রাঙ্গণে দোকান খোলার জন্যে অস্থায়ী ভিটি নিতে ইচ্ছুক, তাহাদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দোকান ভিটি পাওয়ার জন্য "আবেদনপত্র" নিম্নলিখিত সূচি ও শর্তাবলী অনুসারে গ্রহণ করা হইবে।

অস্থায়ী দোকান ভিটির আবেদনপত্র জমা দেওয়ার সূচি এবং শর্তাবলী

আগামী **০১/১১/২০২৬ ইং** থেকে **০৪/১১/২০২৬ ইং** পর্যন্ত **সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত** অস্থায়ী দোকান ভিটির আবেদন পত্র জমা দেওয়া ও কুপন সংগ্রহের জন্য মাতাবাড়ি আর. ডি. ব্লক অফিস প্রাঙ্গণে **৫ (পাঁচ) টি কাউন্টার** খোলা হইবে। কুপনের উপর লটারির মাধ্যমে অস্থায়ী দোকান ভিটি প্রদান করা হইবে।

১) অস্থায়ী দোকান ভিটি পাওয়ার জন্য আবেদনকারী সাদা কাগজে দরখাস্তের সঙ্গে সচিত্র পরিচয়পত্র হিসেবে **ভোটার ID Card / আধার কার্ড** জমা দিতে হইবে।

২) আবেদনকারী একাধিক আবেদনপত্র জমা দিতে পারিবেন। তবে প্রতি আবেদনপত্র জমা দেওয়ার সময় **মং ১৫০/- (একশ পঞ্চাশ) টাকা অ-ফেরত যোগ্য** মূল্যের একটি করে কুপন প্রতিটি আবেদন পত্রের জন্য সংগ্রহ করিতে হইবে।

৩) একজন ব্যক্তি একাধিক কুপন সংগ্রহ করিতে পারিবেন কেবলমাত্র একটি অস্থায়ী দোকান ভিটির জন্য। আবেদনকারী কিসের দোকান খুলিতে ইচ্ছুক তাহা স্পষ্ট করে আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে।

৪) একজন ব্যক্তি একাধিক কুপনের বিনিময়ে যদি একাধিক ভিটি পাইয়া থাকেন, তাহলে একটি রেখে বাকিগুলি মেলা কর্তৃপক্ষকে ফেরত দিতে বাধ্য থাকিবেন।

৫) **লটারীর মাধ্যমে** প্রাপ্ত ভিটি কেবলমাত্র সংশ্লিষ্ট আবেদনকারীই ব্যবহার করিতে পারিবেন। কোন ভাবেই অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পারিবেন না। যদি কোন ব্যক্তি অন্য কাউকে দোকান ভিটি হস্তান্তর করিয়া থাকেন, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভিটির বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই ভিটি মেলা কর্তৃপক্ষের অধীনে চলিয়া আসবে। এবং মেলা কমিটি লটারীর মাধ্যমে নতুন কাউকে এই ভিটি পুনঃ বন্টন করিবে এবং এক্ষেত্রে পূর্ববর্তী প্রাপকের প্রদত্ত টাকা ফেরত দেওয়া হইবে না।

৬) দোকান ভিটি বণ্টনের জন্য লটারি অনুষ্ঠিত হবে **০৫/১১/২০২৬ইং** তারিখ **সকাল ১০ ঘটিকায়, মাতাবাড়ি আর. ডি. ব্লক অফিস** প্রাঙ্গণে। ঐ দিনই **লটারীর মূলে** দোকান ভিটি প্রাপকগন, দোকান ভিটির ভাড়া অফিস কক্ষে প্রদান করিবেন। যদি ঐ দিনই বিকাল **৫টা ৩০ মিনিটের** মধ্যে অস্থায়ী ভিটির ভাড়ার টাকা প্রদান না করা হয় তাহলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ভিটি পুনঃলটারীর মাধ্যমে বণ্টন করা হইবে।

৭) কমিটির নিকট দোকান ভিটির ভাড়ার টাকা জমা দেওয়ার পর কমিটি যে রশিদ প্রদান করিবেন সেই রশিদ ভিটি বিলি কমিটির নিকট প্রদর্শন করিয়া **০৭/১১/২০২৬ ইং** তারিখের দুপুর **১২টার** মধ্যে দোকান ভিটি বুঝিয়া নিতে হইবে।

৮) দোকান ভিটি তৈরী, বিদ্যুৎ সংযোগ ইত্যাদি ভিটি প্রাপক নিজেরাই করিবেন নিজ খরচে, ইহাতে মেলা কমিটির কোন দায় দায়িত্ব থাকিবে না।

৯) ২০২৬ সালের দেওয়ালি মেলার স্থান অনুযায়ী অস্থায়ী দোকান ভিটির সংখ্যা, ক্ষেত্রফল (বর্গফুট অনুসারে) ধার্য্যকৃত ভাড়ার হার এর বিবরণ নিচে দেওয়া হইল :-

ক্র. নং	অস্থায়ী দোকান ভিটির স্থান	দোকানের বিবরণ		বিবরণ অনুযায়ী অস্থায়ী ভিটির সংখ্যা	মোট ভিটির সংখ্যা	ভিটির পরিমাণ ও ধার্যকৃত ভাড়ার হার প্রতি স্কয়ার ফুট
১	এগ্রিকালচার মার্কেটের সামনের দিক।	(ক)	কাশ-পিতল সামগ্রী।	৩০	৬০	৯' x ১০'@Rs.৩০/- প্রতি স্কয়ার ফুট
		(খ)	লোহা সামগ্রী।	৩০		৮' x ১০'@Rs.২৫/- প্রতি স্কয়ার ফুট
২	এগ্রিকালচার মার্কেটের উত্তরাংশ খালি মাঠ।	(গ)	স্টেশনারী সামগ্রী	৩০	৮৭	৯' x ১০'@Rs.৩০/- প্রতি স্কয়ার ফুট
		(ঘ)	কাপড় দোকান	২০		৮' x ১২'@Rs.২৫/- প্রতি স্কয়ার ফুট
		(ঙ)	খেলনা সামগ্রী ও অন্যান্য।	২৫		৮'x৫'@Rs.২০/- প্রতি বর্গফুট
		(চ)	জুতা দোকান।	১২		১০' x ১২'@Rs.২০/- প্রতি স্কয়ার ফুট
৩	মাতাবাড়ি স্কুল মাঠের উত্তরাংশে পশ্চিম দিকে।	(ছ)	শাঁখা দোকান।	১৭	১৭	৭' x ৬'@Rs.২৫/- প্রতি স্কয়ার ফুট
৪	কল্যাণ সাগরের দক্ষিণাংশে গুনবতি কম্প্লেক্সের পাশে	(জ)	স্টেশনারী ও খেলনা সামগ্রী	৫০	৫০	৮' x ১০'@Rs.৩০/- প্রতি স্কয়ার ফুট
৫	কল্যাণ সাগরের উত্তরাংশে পশ্চিম দিকে।	(ঝ)	হোটেল	১৩	১৩	১০' x ১৬'@Rs.২৫/- প্রতি স্কয়ার ফুট
৬	কল্যাণ সাগরের পশ্চিমাংশে উত্তর দিকে।	(ঞ)	রেষ্টুরেন্ট ও অন্যান্য খাবার সামগ্রী।	২১	২১	১০' x ১০'@Rs.২৫/- প্রতি স্কয়ার ফুট
৭	জাতীয় সড়কের লে-বাই থেকে লোকনাথ মন্দির পর্যন্ত।	(ট)	আসবাবপত্র	৪৫	২৬২	১৫' x ১০'@Rs.২০/- প্রতি স্কয়ার ফুট
		(ঠ)	আসবাবপত্র ও অন্যান্য।	৮১		৮' x ১০'@Rs.১৫/- প্রতি স্কয়ার ফুট
		(ড)	বুট-বাদাম, শুকনো খাবার সামগ্রী।	১১১		৮' x ১০'@Rs.১৫/- প্রতি স্কয়ার ফুট
		(ঢ)	মাছ ধরা জাল ও পানের দোকান।	২৫		৮' x ১০'@Rs.১৫/- প্রতি স্কয়ার ফুট
৮	লোকনাথ মন্দির থেকে জাতীয় সড়কের দুই পাশ হয়ে মন্দির টিলা পর্যন্ত।	(ণ)	বুট – বাদাম, শুকনো খাবার সামগ্রী	৪৫	৪৫	৯'x৫'@Rs.১৫/- প্রতি বর্গফুট
৯	মাতাবাড়ি স্কুল বাউন্ডারি সংলগ্ন জাতীয় সড়কের পূর্বাংশ।	(ত)	জিলিপি ও অন্যান্য।	১৫	১৫	১০'x৫' & ৯'x৫' @Rs.১৫/- প্রতি বর্গফুট
১০	রেল স্টেশন রোড হইতে জাতীয় সড়কের দুই পাশ হয়ে চন্দ্রসাগর পর্যন্ত ।	(থ)	বুট – বাদাম ও অন্যান্য শুকনো খাবার সামগ্রী।	৪৫	৪৫	৯'x৫' @Rs.১৫/- প্রতি বর্গফুট
			মোট		৬১৫	

বিঃদ্রঃ- মাতারবাড়ি কল্যান সাগরের চারিদিকে পাড়ের সংলগ্নে কোন প্রকার স্থায়ী অথবা অস্থায়ী দোকানভিটি দেওয়া হবে না এবং বসতে পারিবে না।

ICD/D/1271/26
(30x3)

District Magistrate & Collector
Gomati District, Udaipur